

## **া** শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ ২৯. তারা (ইয়াহূদীরা) যাদের অনুসরণ করে বলে ধারণা করে, তাদের বক্তব্য অনুযায়ীও আমল করে না

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

তারা (ইয়াহূদীরা) যাদের অনুসরণ করে বলে ধারণা করে, তাদের বক্তব্য অনুযায়ীও আমল করে না

ইয়াহুদীরা যা বলে, সে সম্পর্কে না জানা সত্ত্বেও তা মেনে নেয়। আল্লাহ তা আলা সতর্ক করে বলেন,
. [91 : قُلْ فَلِمَ تَقْتُلُونَ أَنْبِيَاءَ اللَّهِ مِنْ قَبْلُ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ) [البقرة: 191]

বল, তবে কেন তোমরা আল্লাহর নাবীদেরকে পূর্বে হত্যা করতে, যদি তোমরা মুমিন হয়ে থাক? (সূরা আল বাক্লরাহ ২:৯১)।

ব্যাখ্যা: অর্থাৎ তাওরাতে যা নাযিল হয়েছে তার অনুসরণের দিকে ঐ সব ইয়াহুদীরা আহবান করে। দু'ভাবে এ দাবি মিথ্যাপ্রতিপন্ন হয়।

প্রথমত: নাবীগণকে হত্যা করা। অথচ নাবীগণকে হত্যার কথা তাওরাতে উল্লেখ নেই। বরং নাবীগণের প্রতি ঈমান আনা, তাদেরকে সম্মান করা, অনুসরণ ও অনুকরণ করার কথা উল্লেখ আছে।

দ্বিতীয়ত: তাওরাতে মুহাম্মাদ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামকে অনুসরণ করার নির্দেশ প্রদান করা হয়েছে। আল্লাহর বাণী:

(الَّذِي يَجِدُونَهُ مَكْتُوباً عِنْدَهُمْ فِي التَّوْرَاةِ وَالْأِنْجِيلِ يَأْمُرُهُمْ بِالْمَعْرُوفِ وَيَنْهَاهُمْ عَنِ الْمُنْكَرِ وَيُحِلُّ لَهُمُ الطَّيِبَاتِ وَيُحِرِّمُ عَلَيْهِمُ الْخَبَائِثَ وَيَضَعُ عَنْهُمْ إِصْرَهُمْ وَالْأَغْلالَ الَّتِي كَانَتْ عَلَيْهِمْ) [الأعراف: 157]

যারা অনুসরণ করে রস্লের যে উম্মী নাবী; যার গুণাবলী তারা নিজেদের কাছে তাওরাত ও ইঞ্জিলে লিখিত পায়, যে তাদেরকে সৎ কাজের আদেশ দেয় ও বারণ করে অসৎ কাজ থেকে এবং তাদের জন্য পবিত্র বস্তু হালাল করে আর অপবিত্র বস্তু হারাম করে। আর তাদের থেকে বোঝা ও শৃংখল যা তাদের উপরে ছিল- অপসারণ করে (সূরা আল আরাফ ৭:১৫৭)।

তাওরাতে মুহাম্মাদ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর গুণাবলীর কথা উল্লেখ আছে। অথচ তারা তার প্রতি ঈমান আনেনি। নাবীগণ ও আলেমগণ ঈমানের দিকে যে আহবান করতেন, সেকথা তারা বলতো না। বরং নাবীগণ যা বলতেন তা তারা জানতো না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9011

👤 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন